

## 🗏 ইউনুস | Yunus | يُونُس

আয়াতঃ ১০: ৫২

## **া** আরবি মূল আয়াত:

## ثُمَّ قِيلَ لِلَّذِينَ ظَلَمُوا ذُوقُوا عَذَابَ الخُلدِ هَل تُجزَونَ اِلَّا بِمَا كُنتُم تَكسِبُونَ ﴿ ٥٢﴾

## 

তারপর যারা যুলম করেছে তাদের বলা হবে, স্থায়ী আযাব আস্বাদন কর। তোমরা যা অর্জন করতে তোমাদেরকে কেবল তারই প্রতিদান দেয়া হচ্ছে। — আল-বায়ান

অবশেষে যালিমদেরকে বলা হবে- 'স্থায়ী শাস্তির স্বাদ গ্রহণ কর, তোমরা যা কিছু উপার্জন করেছিলে তার প্রতিফল ছাড়া তোমাদের আর কী দেয়া যেতে পারে! — তাইসিকল

অতঃপর যালিমদেরকে বলা হবেঃ চিরস্থায়ী শাস্তির স্বাদ গ্রহণ করতে থাক, তোমরাতো তোমাদেরই কৃতকর্মের ফল পাচ্ছ। — মুজিবুর রহমান

Then it will be said to those who had wronged, "Taste the punishment of eternity; are you being recompensed except for what you used to earn?" — Sahih International

- ৫২. তারপর যারা যুলুম করত তাদেরকে বলা হবে, স্থায়ী শাস্তি আস্বাদন কর; তোমরা যা করতে, তোমাদেরকে কেবল তারই প্রতিফল দেয়া হচ্ছে।(১)
  - (১) এটা তাদেরকে ধমকের সুরে বলা হবে। কারণ তারা এ আযাবকে অস্বীকার করেছিল। সূরা আত-তুরের ১৩–১৬ নং আয়াতেও তা বর্ণিত হয়েছে।

তাফসীরে জাকারিয়া

(৫২) অতঃপর যালেমদেরকে বলা হবে, 'চিরস্থায়ী শাস্তির স্বাদ গ্রহণ করতে থাকো, তোমাদেরকে তো তোমাদের কৃতকর্মের প্রতিফলই দেওয়া হচ্ছে।'

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1416

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন